তুমি গানের ক্লাসে যাওয়া বন্ধ করে কোডিং শেখ, যাতে আমাদের উওম্যান ইন সায়েন্সের স্ট্যাটিস্টিক্সটা ভাল দেখতে লাগে। তাই বলে আবার সায়েন্স ল্যাবে নিজের কাজের স্বীকৃতি চেও না। ওসব অ্যাকচুয়াল কাজ তোমার জন্য নয়, তুমি শুধু ডকুমেন্টস বানিও। আমরা তোমার শংকরের মত নই যে তোমার সাফল্য কে নিজের সাফল্য মনে করে অর্ধনারীশ্বর সাজব।

সেই রম্য কপর্দিনী কন্যা কোঁকড়াচুল গুলো মুখের উপর থেকে সরিয়ে বলেছিল
"কিন্তুক মুই তো মইষ মাইরতে আইছিলাম"
সে কথাটা ঢাক ঢোল স্তবস্তুতির আড়ালে চাপা পড়ে গেল। ওরা মুর্তির মুখে বেশ করে গর্জন তেল মাখিয়ে দিল। অবাধ্য কোঁকড়া চুল গুলো বশে এল। সিঁদুর দিল, লাল টিপ দিল, গয়না দিল, পাহাড়ি বেপরোয়া কন্যা শৈলসুতার মুখখানা বেশ মা মা দেখতে হয়ে গেল।
লোকে তাকে জগতজ্জননী বলে পুজো করে। গনেশ জননী বলে সন্মান করে, শংকরতোষিনী বলে ভক্তি করে। হাতে অস্ত্রশস্ত্র দিয়ে জমকালো মূর্তি বানিয়ে রেখেছে বটে কিন্তু অস্ত্র গুলো টিনের।
তবে শংকরের দেওয়া ত্রিশুলটা কিন্তু গৌরী রেখে দিয়েছিল। ঘরসংসার, সন্তান সন্ততি, চাকরি বাকরি সব নিয়ে বড্ড জড়িয়ে গেছে শৈলসুতা। তবু বছরে একবার অনন্ত ত্রিশুল টা তুলে বেরিয়ে পরে মইষ মারতে। সপ্তমী ,অষ্টমী নবমী মাত্র তিন দিনের জন্যই সই, তবুও গৌরী বছরে একবার তো ঘরে ফেরে।

তপোভূমি নর্মদা

লেখক - বিশ্বনাথ ব্যানার্জি

""নর্মদায়াং তপ:কুর্যাৎ,
মরণং জাহ্নবীতটে।""

তপোভূমি.....অমরকণ্টক।

তপোভূমি বললেই প্রাচীন ভারতের একটা খন্ড চিত্র চোখের সামনে ভেসে ওঠে। সেই ঘন জঙ্গল, পাহাড়ি পাথুরে পাকদণ্ডী। পাশ দিয়ে কুল কুল করে বয়ে চলা স্রোতস্বিনী।
দূর থেকে ভেসে আসা পাখির ডাক আর কাছে দূরে ভস্মমাখা ধ্যানমগ্ন সন্ন্যাসী।
“” যেমনটি ঠিক দেখা যেত /
কালিদাসের কালে।””

অবশ্য কালিদাসের লেখাতেও আমরা অমরকণ্টক এর উল্লেখ পাই।
অলকাপূরী হতে নির্বাসিত যক্ষ বিরহে কাতর হয়ে মেঘকে পত্নীর খবর নিতে অনুরোধ করছেন। বলছেন---হে মেঘ, তুমি পথে যেতে যেতে পথশ্রান্ত হলে, আম্রকূট পর্বতে বিশ্রাম নেবে। সে তোমাকে সাদরে মস্তকে ধারণ করবে।
পূর্বকালের আম্রকূটই অপভ্রংশে লোকমুখে অমরকণ্টক নামে পরিচিত হয়েছে।

আবার কারো মতে, একবার অমরকণ্টকে অসুরদের সাথে দেবতাদের এক ভয়ংকর রক্তক্ষয়ী যুদ্ধ হয়। দেবতারা ভীষণভাবে পরাজিত হন। তো, অমরাণাং (দেবতাদের) কন্টক (কাঁটা) ইতি অমরকণ্টক।
রামায়নের যুগে অমরকণ্টক ত্রিকূট পাহাড় নামে পরিচিত ছিল।

অমরকন্টকের অবস্থান মধ্যপ্রদেশের অনুপপুরে। রেওয়া, শাডোল, অনুপপুর, জব্বলপুর, কাটনি আর পেন্ড্রার সংগে স্থলপথে যুক্ত। নিকটবর্তী রেলওয়ে স্টেশন অনুপপুর আর পেন্ড্রা রোড। জলেশ্বর হয়ে পেন্ড্রা রোড মাত্র ২৮ কিলোমিটার। অমরকণ্টক বিভিন্ন রকমের ঔষধিগুণযুক্ত বৃক্ষ লতাদি সমৃদ্ধ। অমরকণ্টক থেকে মাত্র ৪০ কিলোমিটার দূরে ছত্তিসগড়ের বিলাসপুর যাবার রাস্তায় পড়ে Achanakmar Wildlife Sanctuary। চোখ জুড়ানো ঘন সবুজ এই বনভূমি হল Achanakmar Amarkantak Biosphere Reserve। অমরকণ্টকের এই জংগল Kanha National Park এর সাথে যুক্ত। Kanha আর Achanakmar দুটো জংগলই রয়াল বেঙ্গল টাইগার এর জন্য বিখ্যাত।

অমরকণ্টক কে বলা হয় “”The king of Pilgrimages”” এখানে কবীরপন্থী ভক্তদল, হিন্দু, জৈন, শিখ আদি সব বিশ্বাসের মানুষ ভীড় করে। তার কারণ আছে। আসুন দেখা যাক, কি সেই কারণ…..
সন্ত কবীর অমরকণ্টক এ এসে দীর্ঘকাল গভীর তপস্যা করেন। এখানেই তিনি তপস্যায় সিদ্ধি লাভ করেন। সুতরাং কবীরপন্থী দের কাছে অমরকণ্টক আজ এক অবশ্য দ্রষ্টব্য।
সন্ত কবীর যখন অমরকণ্টকে তপস্যারত, গুরু নানক তখন অমরকণ্টক আসেন কবীরের সাথে আলাপ করতে। দুই মহামানব মানবজাতির কিসে কল্যাণ হবে, তাই নিয়ে দীর্ঘ আলোচনা করেন। পরবর্তী কালে, পঞ্চম শিখ গুরু, গুরু অর্জন যখন শিখদের ধর্মগ্রন্থ, আদি গ্রন্থ সাহিব সংকলন করেন, সন্ত কবীরের সেই সব বানী / উপদেশ, যা শিখ বিশ্বাসের সমতুল, তা আদি গ্রন্থে স্থান পায়।

গুরু নানকের অমরকণ্টক আগমন কে স্মরণীয় করে রাখতে, শিখরা এখানে এক বিশাল গুরুদ্বার গড়েন। আজ এই গুরুদ্বার এক বিশাল সংখ্যক পর্যটক এর আশ্রয় স্থল। অমরকণ্টক এলে, আপনিও এখানে থাকতে পারেন। অবশ্য অগ্রিম বুকিং কাম্য।

অমরকণ্টকে রয়েছে সর্বোদয় দিগম্বর জৈন মন্দির। এখানে অষ্ট ধাতুর তৈরি বিশ্বের সর্ববৃহৎ মূর্তি রয়েছে আদিনাথের। তাই এটা দেখার জন্য জৈন দের ভিড় লেগেই থাকে।

এবার আসি হিন্দুদের কথায়। যেখানে বিন্ধ্য পর্বত আর সাতপুরা রেঞ্জ মিলিত হয়েছে মাইকাল (মেকল) পাহাড়কে অবলম্বন করে, সেখানেই অমরকণ্টক এর অবস্থান।

নর্মদা, সোন আর জোহিলা এই তিন নদীর উৎস এই অমরকণ্টকে। গঙ্গা, যমুনা, গোদাবরী, সরস্বতী, নর্মদা, সিন্ধু এবং কাবেরি এই সাত নদী, হিন্দুদের কাছে অতি পবিত্র। নর্মদা এঁদের মধ্যে পবিত্রতম।

পৌরাণিক কাহিনী অনুযায়ী, পতিতপাবনী গঙ্গা সারা বছর পাপীর পাপ ধুয়ে নিজে এত কলুষিত হয়ে পরেন যে নিজেকে শুদ্ধ করতে বছরে একবার রাতের অন্ধকারে কাল মেয়ের রুপ ধারণ করে, নর্মদায় অবগাহন করে,শুদ্ধ হন। এমনই মা নর্মদার মহিমা।

মহাদেবের আশীর্বাদ ধন্য নর্মদার আছে অলৌকিক পাপ নাশক ক্ষমতা। যেখানে ভক্তকে পাপমুক্ত হতে পবিত্র গঙ্গায় একবার অবগাহন করতে হয়, তিনদিন সরস্বতী নদীর তীরে বা সাতদিন যমুনা তীরে প্রার্থনা করতে হয়, নর্মদাকে শুধু দর্শন করলেই নাকি পাপ মোচন হয়। বয়সে গঙ্গার থেকে ১৫০ বছরের প্রবীণা এই নর্মদা।

আর হবে নাই বা কেন? নর্মদা যে শিবের মানসকন্যা। রুদ্রের তেজ থেকে নর্মদার উৎপত্তি। পৌরাণিক কাহিনী অনুযায়ী,

নর্মদার উৎপত্তিস্থল অমরকণ্টক এর চূড়ায় একবার ধ্যানমগ্ন ছিলেন শিব। সহসা মহাদেবের নীলকণ্ঠ থেকে নির্গত হলেন নর্মদা। তাই তাকে শিবতনয়া বলা হয়। অনেকে শংকরীও বলে থাকে।

আবার কারো মতে,

শিব যখন গভীর ধ্যানে নিমগ্ন ছিলেন, তার শরীর থেকে গড়িয়ে পড়া স্বেদবিন্দু থেকে নর্মদার জন্ম। তাই নর্মদার আরেক নাম “”শংকরী।

শংকর প্রিয় মহাতীর্থ অমরকণ্টক। এখানে প্রায় সমস্ত মুনিঋষি তপস্যা করে গেছেন নর্মদা তীরে। কে নেই সে তালিকায়। অঙ্গীরা,আঙিরস,সনক,দীর্ঘতমা,জৈগীষব্য,

অশীমান্ডব্য প্রভৃতি বৈদিক ঋষি ছাড়াও এসেছেন আদিবিদ্বান কপিল, মহামুনি মার্কন্ডেয়, মৎসেন্দ্রনাথ, গোরক্ষনাথ,পতঞ্জলি, গোবিন্দপাদ, আদি শঙ্করাচার্য, দুর্বাসা, ভগবন দত্তাত্রেয় এবং শত শত ব্রহ্মচারী আর আমার আপনার মত অসংখ্য তীর্থযাত্রী।

মহাভারতের বন পর্বে আছে, কপট পাশাখেলায় রাজ্যভ্রষ্ট পান্ডবদের ধৌম্যমুনি মানসিক শান্তির জন্য তীর্থ যাত্রার কথা বলেন আর হঠাৎ হাজির পুলস্তমুনি সে কথা শুনে তাদের অতি অবশ্য নর্মদা দর্শনের নিদান দেন। এমনই নর্মদা মাহাত্ম্য।
বিন্ধ্য ও সাতপুরা পর্বতমালার মধ্য দিয়ে নর্মদা পশ্চিম মুখী হয়ে গুজরাট এর ভারোচ এর ভৃগুকচ্ছে আরব সাগরে মিলিত হয়েছে। দৈর্ঘ্য আটশো তের মাইল।

সাল সম্ভবত ২০০৩/০৪। মহাশিবরাত্রির দিন দুয়েক পরে, আমরা বম্বে মেল(ভায়া নাগপুর) এ চেপে বসলাম। গন্তব্য বিলাসপুর। রাত ৮.১৫ তে ছেড়ে পরেরদিন সকাল ৭টা নাগাদ আমাদের বিলাসপুর পৌঁছে দিলো।

বিলাসপুর এক বড় জংশন। সুতরাং রেলওয়ে রিফ্রেশমেন্ট রুমে হেভি ব্রেকফাষ্ট করে, আমরা নর্মদা এক্সপ্রেস করে ৩.৩০ ঘণ্টা জার্নি করে দুপুরবেলা প্রেন্দ্রা রোড পৌঁছলাম। তারপর গাড়ি ভাড়া করে ৩৮ কিলোমিটার দূরে অবস্থিত অমরকণ্টক পৌছলাম।

আমাদের থাকার ব্যাবস্থা হয়েছিল রামকৃষ্ণ আশ্রমে। বলে রাখা ভালো, এই আশ্রমের সাথে রামকৃষ্ণ মিশনের কোন যোগসুত্র নেই।
বেশ পরিষ্কার পরিচ্ছন্ন। দু বেলা ভোগের প্রাচুর্যে প্রাণ ওষ্ঠাগত।
আশ্রমে মালপত্র রেখে, ফ্রেশ হয়ে গেলাম মা নর্মদার উৎস দেখতে। আশ্রম থেকে মন্দিরের দূরত্ব প্রায় ৪ কিলোমিটার।

নর্মদা কুন্ড হোল মা নর্মদার উৎসস্থল।
পুরো মন্দির চত্বর দূর্গপ্রাচীর দ্বারা বেষ্টিত এবং ভীষণ ভাবে সুরক্ষিত। মন্দির চত্বরে মোট ১৬টি মন্দির বিদ্যমান। ৩ ফুট উঁচু নর্মদা মায়ের কালো পাথরের মুর্তি মহারাজা গুলাব সিং নবম শতাব্দীতে দান করেন। পরে ২৯২৯ সালে কমণ্ডলু এবং বরাভয় হস্তে তার আকৃতিগত পরিবর্তন সাধন করে বর্ত্তমান রূপ দেওয়া হয়। ১৯৩৯ সালে রেওয়া রাজ পবিত্র মন্দিরের প্রবেশদ্বার নির্মাণ করান।
নর্মদা কুণ্ড একাদশ কোণ বিশিষ্ট। তার পরিধি ৫০০ রানিং ফুটের মত। আট দশফুট গভীর। শাস্ত্রমতে, এই জলাধারকে " বিশা যন্ত্র " বলা হয়। বিশা যন্ত্র মহাসিদ্ধির আধার হিসাবে পরিগণিত হয়। মার্কণ্ডেয় পুরান অনুযায়ী, নর্মদাকে " রেবা " বলা হয়।
এই কুন্ড থেকেই নর্মদা নদী রুপে বেরিয়েছেন। কুন্ডের পশ্চিম দিকে এক নালা আছে, যাকে গোমুখ বলে, সেখানথেকে জল এক ছোট কুন্ডে পড়েছে। একে বলে কোটিতীর্থ। কোটিতীর্থের পাশে আরো দুটো কুন্ড আছে, তাদের নাম গায়ত্রী এবং সাবিত্রী কুন্ড।
নর্মদা কুন্ডের উত্তর দিকে রয়েছে দুটি মন্দির, যাদের গর্ভগৃহের অবস্থান মুখোমুখি। এক ছোট্ট করিডোর সংযুক্ত করেছে দুই মন্দিরকে। ডানদিকে শিব পার্বতী আর বাঁদিকে তাদের কন্যা নর্মদা।

একটা ছোটো মাপের হাতী রাখা আছে মন্দিরের সামনে। এক স্কন্ধ মুর্তি বসানো আছে সেই পাথুরে হাতীর ওপরে। বলা হয়, কেউ যদি হাতীর চার পায়ের ফাঁক দিয়ে গলে যেতে পারে, তবে তার সব পাপ মুছে যাবে। তাই এখানে পাপস্খলনেচ্ছু ভক্তর ভীড় লেগেই থাকে।

এখন যেখানে নর্মদা কুন্ড, সুদূর অতীতে সেখানে একটা বাঁশবন ছিল। সেই বাঁশবনে লুক্কায়িত ছিল নর্মদার উৎস। বেণুবন থেকে উৎপত্তি বলে, নর্মদেশ্বর শিবের আরেক নাম বেনেশ্বর। এই উৎসকে আবিষ্কার করেন মারাঠারাজ প্রথম বাজীরাও। ইন্দোরের হোলকার, নাগপুরের ভোশলা, বরোদার গাইকোয়াড সকলেই নর্মদা ভক্ত এবং পৃষ্টপোষক ছিলেন।

নর্মদা উদগম কমপ্লেক্স এর দক্ষিণ দিকে, পাহাড়ি ঢালে রয়েছে পাথরের তৈরি কিছু প্রাচীন মন্দির, যা কালাচুরি শাসকদের তৈরি, সেই ১২০০ খৃষ্টাব্দ বা তার আশেপাশে। এদের মধ্যে সবচেয়ে পুরোন আর বড় মন্দির রয়েছে পাহাড়ের মাথায়। মহাদেবকে উৎসর্গীকৃত এই ত্রিমুখী মন্দিরকে কর্ণমন্দির বলা হয়ে থাকে। চেদিরাজ কর্ণদেব এটি নির্মাণ করান।
কিছুদূরে নর্মদা উদগম এর কাছে আছে আরো ৪ টে মন্দির, যদিও আকারে অনেক ছোট। এদের নাম পাতালেশ্বর মহাদেব, রঙমহল, কেশব নারায়ণ এবং মৎসেন্দ্রনাথ মন্দির।
প্রসঙ্গত মৎসেন্দ্রনাথ ছিলেন মহাযোগী গোরক্ষনাথের গুরু।

সেদিন বিকেলে নর্মদা কুন্ডর বিপরীতে মেলা গ্রাউন্ড এ ঘুরতে গেলাম। জমজমাট শিবরাত্রির ভাঙ্গা মেলা। মেলা গ্রাউন্ডের শেষ প্রান্তে একটা বারান্দা যুক্ত বড় ঘর। দরজা ভেতর থেকে বন্ধ। আমরা বারান্দায় বসে এক বয়স্ক সাধুর কাছে অমরকণ্টকের গল্প শুনছিলাম। নর্মদা পরিক্রমণ এর গল্প। আদপে এই সাধুজীও এক পরিক্রমণকারী।
তার কাছে শুনলাম, আজ দুপুরেই একদল পরিক্রমণকারী সাধু পরিক্রমণ শেষ করে ফিরে, ঘরে বিশ্রাম নিচ্ছে। তিনি আরো জানালেন যে সাধুরা এক দলবিচ্ছিন্ন, মৌমাছির কামড়ে মৃতপ্রায়, তিনদিন বেহুঁশ হয়ে পড়ে থাকা এক সাধুকে বাঁচিয়ে নিয়ে এসেছে।

সাধুজীর কাছে শুনলাম, অমরকণ্টকে সংক্রান্তির এক মাস বাদ দিয়ে, সারা বছর নাকি সাধুরা মা নর্মদার উৎস (উলটো দিকের নর্মদা কুন্ড) থেকে বাঁ দিক দিয়ে নর্মদার ধার দিয়ে গিয়ে ডান দিক দিয়ে ফিরে আসে। কেউ তিন মাস পরিক্রমণ করে আবার কেউ ১৩ দিনে। যার যেমন ক্ষমতা। আমাদের ৭ বা তিন পাক মন্দির প্রদক্ষিণ এর মত আর কি।

আর অমরকণ্টকের জংগল যেহেতু কানহা Tiger Reserve এর এক্সটেনশন, সুতরাং বাঘ, সাপ প্রভৃতি হিংস্র জন্তুর মুখমুখি হওয়া স্বাভাবিক। যেমন ঘটেছিল আমাদের মৌমাছিদের কামড় খাওয়া সাধুর ক্ষেত্রে।

যখন সাধুজীর সাথে কথা বলছিলাম, এক পরিক্রমণকারী সাধু এগিয়ে এসে তার হাতে ধরা থালা থেকে ভষ্ম নিয়ে আমার কপালে টিকা দিলেন। আমি হাত জোড় করে তাকে নমস্কার করলাম। তাই দেখে, সাধুজী নিচুস্বরে আমাকে টিকা দেওয়া সাধুকে কিছু দান দিতে অনুরোধ করলেন। আমি পার্শ খুলে তার থালায় একটা দশ টাকার নোট দিলাম। উনি চলে গেলে, সাধুজী জানালেন, পরিক্রমণকালে ভিক্ষা কঠোর ভাবে নিষিদ্ধ। সারাদিনে যা দান পাওয়া যাবে, তাই দিয়ে সারাদিনে একবারমাত্র খাওয়া যাবে। কেউ টিকা দিলে বুঝতে হবে আজ সে অভুক্ত। কোন দান জোটেনি। তখন তাকে সাধ্যমত দান করাই পূন্যকর্ম।

কবীর চবুতরা।

আমার মতো মনযোগী শ্রোতা পেয়ে, সাধুজী তার গল্পের ঝাঁপি উজাড় করে দিলেন। আমার কাছে জানতে চাইলেন, কবীর চবুতরা সন্মন্ধে কিছু জানি কি না। জানি না বলাতে, তিনি যা বললেন, তা এই রকম……

অমরকণ্টকে সন্ত কবীর এক কুন্ডের পাশে গাছের তলায় দীর্ঘ কাল কঠোর তপস্যা করেন। তাঁর দীর্ঘ তপস্যাকালে, খাদ্যের অভাবে, শরীর ক্রমশ দুর্বল হয়ে পরতে থাকে। তিনি কুন্ডের জল ছাড়া কিছু খেতেন না। মা নর্মদা ভক্তের প্রাণ রক্ষাকল্পে কুন্ডের জলে দুধ মিশিয়ে দিতেন। আজও সকাল সাড়ে আটটা থেকে সকাল এগারোটা পর্যন্ত কুন্ডর জলে দুধ মেশানোর প্রক্রিয়া চলছে। চবুতরায় আশ্রয় নেওয়া পরিক্রমণকারীরা কলসী করে সকাল দশটা নাগাদ তাদের সারাদিনের পেয় এই দুধমেশানো জল সঞ্চয় করে রাখে।

আমরা পরেরদিন সকাল ৮ টা ১৫ থেকে বেলা ১১ টা ১৫ পর্যন্ত কবীর চবুতরায় থেকে সাধুজীর কথার সত্যতা যাচাই করে নিয়ে ছিলাম। আসলে আমাদের শহুরে সন্দেহবাতিক মন যে !

অমরকণ্টকের মাহাত্ম্য সন্মন্ধে বলতে গিয়ে, সাধুজী আমাকে ধূনিপানি আর ভৃগু কমণ্ডলুর গল্প শোনালেন।

ভৃগু কমণ্ডলুর অবস্থান গভীর জঙ্গলের এক প্রত্যন্ত অঞ্চলে। কর্ণ মন্দির বৃত্ত ছাড়িয়ে ৫/৬ কিমি যেতে হবে। জঙ্গল এতো ঘন, সেখান শেষ দু আড়াই কিলোমিটার দিয়ে কোন মোটরগাড়ি যাবে না। গভীর জঙ্গলের মধ্য দিয়ে আড়াই কিলোমিটার পায়ে হেঁটে গেলে, দেখা মিলবে ভৃগু কমণ্ডলুর। জঙ্গলে হারিয়ে যাবার যেহেতু সমূহ সম্ভাবনা, অভিজ্ঞ গাইড সাথে নেওয়া জরুরি।

ধুনি পানি।

ভৃগু কমণ্ডলু যাওয়ার পথে, গভীর জংগলের মধ্যে অবস্থিত এক ন্যাচারাল উষ্ণ প্রস্রবণ। কাঁচের মত স্বচ্ছ জল আর মহর্ষি ভৃগুর সাধনাস্থল বলে, টুরিস্টদের কাছে খুবই জনপ্রিয়। বলা হয়, মহর্ষি ভৃগুর জলন্ত ধুনির আগুনের কারনেই এই উষ্ণ প্রস্রবণের সৃষ্টি।

ভৃগু কমণ্ডল।

ধুনিপানি ছাড়িয়ে আরো হাফ কিমি গিয়ে সামান্য চড়াই ভাঙ্গলে দেখা মিলবে একগুচ্ছ বড় বড় পাথরের বোল্ডারের, যা রয়েছে পাহাড় শীর্ষে। এরকমই এক বিশাল বোল্ডারের নিচের অংশে ৬ ইঞ্চি ব্যাসার্ধর এক গহ্বরের অবস্থান। যে বোল্ডারে গুহার অবস্থান, তার আকৃতি অনেকটা কমণ্ডলুর মত।

বলা হয়, এই গুহায় মহর্ষি ভৃগু ধ্যান করতেন। যা ভক্তদের বিস্মিত করে, তা হল পাহাড়ের কোন অজ্ঞাত আন্ডারগ্রাউন্ড ঝর্ণা থেকে জল চুঁইয়ে চুঁইয়ে ওই গহ্বরের থেকে বাইরে পড়তে থাকে। অন্যথায়, গহ্বরে হাত ঢুকিয়ে জলের অস্তিত্ব বুজতে হয়।
বিশ্বাসীদের বিশ্বাস, এই চোঁয়ানো জলই পাথুরে অঞ্চল অতিক্রম করে, নর্মদা উদগমে নর্মদা নদী রুপে পুনরায় প্রকাশ্যে এসেছে।

নিজেদের বয়স আর শারীরিক সক্ষমতা বিবেচনা করে, আমরা ভৃগু কমণ্ডলু দেখতে যাব না বলে সিদ্ধান্ত নিলাম।

পাতালেশ্বর মহাদেব।

আমাদের কথার মাঝে বন্ধ দরজা খুলে এক সাধু মুখ বাড়িয়ে আমাদের দেখে পরিষ্কার বাঙলায় জিজ্ঞাসা করলেন, আমরা কোথা থেকে আসছি। কলকাতা শুনে, বললেন যে তিনিও বাঙালি এবং বর্তমানে বক্রেশ্বর আশ্রমের সাথে যুক্ত।
আমাদের পূর্বোক্ত সাধু-জী তখন আমাদের জানালেন যে এই বাঙালী সাধুকেই মৌমাছি আক্রমণ করেছিল।
কথায় কথায় দিনের আলো পড়ে আসছিল। বয়স্ক সাধুজি বাঙালী সাধুকে অনুরোধ করলেন যেন তিনি আমাদের পাতালেশ্বর শিবকে দর্শন করিয়ে আনেন আর এর মাহাত্ম শুনিয়ে দেন। তিনি বলেন,

অমরকণ্টকে যেহেতু গঙ্গা নেই, তাই শ্রাবণ মাসের চারটি সোমবারের কোন এক সোমবার, প্রভাতে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে গহ্বরের তলা থেকে গব গব করে জল উঠতে থাকে, যার লেভেল লিঙ্গ শীর্ষ পর্যন্ত বজায় থাকে। স্থানীয়দের বিশ্বাস, মা গঙ্গা স্বয়ম শিবকে স্নান করাতে আসেন। যে সোমবার এই ঘটনা ঘটে, মুহূর্তে দাবানলের মত ফোনে, মোবাইলে, লোক মারফৎ এই খবর পেন্ড্রা, বিলাসপুর সমেত আসে পাশে ছড়িয়ে পড়ে, আর দুপুরের মধ্যে এক বিশাল মেলা গ্রাউন্ড এ পরিণত হয় অমরকণ্টক। বয়েল গাড়ি, সাইকেল, মোটরসাইকেল, ট্র্যাক্টর, মোটরগাড়ি প্রভৃতি করে, হাঁড়ি, কলসি, জারিকেন, বোতল ইত্যাদি নিয়ে সবাই সারা বছরের গঙ্গাজল সঞ্চয় করতে তৎপর হয়।
গোপাল দাদার দৈ এর ভাঁড়ের মত শিবমন্দিরের জল কখনও শেষ হয় না।

মাই কী বাগিয়া।

আমাদের পরের গন্তব্য “”মাই কী বাগিয়া “ নর্মদার মূল মন্দির, নর্মদাউদগ্ম থেকে পুর্ব দিকে যার দূরত্ব সোয়া কিলোমিটার। পাহাড়ের ঢালে, পাঁচিল ঘেরা মন্দিরের মাঝখানে রয়েছে এক ইঁদারা। আর পরিচ্ছন্ন এই বাগানে অনেক বড় বড় গাছ আর প্রচুর বাঁদর দেখা যায়।
আমাদের গাড়ি চালক কাম গাইড পাঁচিলের ধারে লাইন দিয়ে দাঁড়িয়ে থাকা কলাবতী ধরনের একপ্রকার গাছ দেখিয়ে আমাদের বলল, এই যে সাদা সাদা ফুল দেখছেন, একে বলে গুলেবকাবলি ফুল। সারা মধ্যপ্রদেশে শুধু এখানেই পাওয়া যায়। চোখের রোগের মহৌষধ। আর যেহেতু এই ফুল সহজলভ্য নয়, তাই চোখের ওষুধ হিসাবে এই ফুলকে সুর্মা করে বিক্রয় করা হয় আর যখন রাতে ফুল ফোটে, সমস্ত অঞ্চল অপুর্ব সুগন্ধে ভরে যায়। মা নর্মদা বাঘের রূপ ধরে রাতে বাগানে ঘুরতে আসেন। এ বাগান মা নর্মদার খুবই প্রিয়।
পরে নেট খুলে জানলাম, গুলেবকাবলির এক প্রজাতি হল “”ব্রহ্মকমল””। কেদারনাথ, বদ্রিনাথ, অমরকণ্টক প্রভৃতি দেবস্থানেই যাকে পাওয়া যায়।
পরে জানলাম, এখানে কালি হলদি বলে আরেকটি মেডিসিনাল প্ল্যান্ট আছে, যা কিনা কাটা ছেঁড়া, ব্যথা বেদনায় অব্যর্থ।
(৬৩৩)

শোণমূড়া।

শোণমূড়া সোন (শোণ) নদীর উৎসস্থল। নর্মদাকুণ্ড থেকে যার দুরত্ব কমবেশি ১.৫ থেকে ২ কিমি। জায়গাটার নৈসর্গিক সৌন্দর্যর তুলনা নেই।
মৈকাল (Maikal) পাহাড়ের চূড়া থেকে এক দেড়শ ফুট ওপর থেকে ধাপে ধাপে জলপ্রপাত হয়ে নেমে এসেছে। Viewing Platform এ দাঁড়িয়ে পুব দিকে তাকালেই এই অপুর্ব দৃশ্য দেখা যায়। তাই অনেকে এই Viewing Platform কে Sunrise Point ও বলে থাকে।
শোনা যায়, আগে সোন নদীর জলে, এই উৎসস্থলে স্বর্ণ রেণু পাওয়া যেত। তাই স্থানীয়রা নদীর নাম রেখেছে সোন।

কপিলধারা।

মুল মন্দির থেকে প্রায় ৭ কিলোমিটার দূরে কপিলধারার অবস্থান। পূন্যতোয়া নর্মদা লুক্কায়িত অবস্থান থেকে হঠাৎ ১০০ ফুট নীচে ঝাঁপিয়ে পড়েছে এক গহবরে। কপিলধারা নর্মদার প্রথম জলপ্রপাত। প্রপাতের গর্জন যেন বিন্ধ্যপর্বতের অট্টহাস।
এখানে নর্মদা মাত্র দশ বারোহাত চওড়া। চারপাশের নিসর্গ দৃশ্য মনোমুগ্ধকর।
এখানে পণ্ডিত জওহরলাল নেহেরুর চিতাভষ্ম বিসর্জন দেওয়া হয়েছে।

দুধধারা।

কপিলধারা অতিক্রম করে, জংগলের মধ্যদিয়ে পশ্চিম দিকের এক সরু এবড়োখেবড়ো রাস্তা দিয়ে আধমাইলটাক গেলে দেখা মিলবে নর্মদার দ্বিতীয় প্রপাত " দুধধারার "।
৫০ ফুট উঁচু থেকে ঝাঁপিয়ে পড়া দুধধারার জল সত্যি সত্যি দুধের মত সাদা। টুরিষ্টরা এখানে স্নান করে পবিত্র হতে পারে ইচ্ছে করলে।
দশ বারো হাত চওড়া ধারায় দুধসাদা জল যেখানে লাফিয়ে পড়ছে, তার ডানদিকে একটা অন্ধকার গহ্বর। এই গহ্বর কে বলা হয়, মহর্ষি দুর্বাসা গুহা।
একদিন তিনি এখানে বসে ধ্যান করতেন।
দুধধারা প্রপাতের পর নর্মদা আবার চলে গেছে দৃষ্টি পথের বাইরে।

জলেশ্বর মহাদেব।

যখন শিব ত্রিপুরাসুরের রাজধানী ত্রিপুরে গিয়ে রাজ্য সমেত ত্রিপুরাসুরকে তিন টুকরো করে ধংস করেন, ত্রিপুরাসুরের তিনটে অংশের একটা গিয়ে পরে নর্মদা উদগম এর কাছে। শিব সেটাকে নিজের আসন হিসাবে ব্যবহার করেন এবং নিজের হাতে এক কালো শিবলিঙ্গ সেই আসনে বসিয়ে দেন। সেই কালো শিবলিঙ্গই এখানে জলেশ্বর মহাদেব নামে পূজিত হন।

অমরকণ্টক থেকে উদ্ভূত তৃতীয় নদী, জোহিলার উৎস এখান থেকে।
নর্মদা কুন্ড থেকে শাডোল যেতে উত্তর পূর্ব দিকে ৮ কিমি দূরে এই মন্দিরের অবস্থান।
তীর্থ যাত্রীরা নর্মদা থেকে জল নিয়ে এসে এখানে শিবের মাথায় ঢালেন। এটাই এখানকার রীতি।

মার্কণ্ডেয় আশ্রম।
মহামুনি মার্কণ্ডেয় নর্মদার মহিমা প্রথম প্রচার করেন। সপ্তকল্পান্তজীবী মার্কণ্ডেয়র জীবনী সত্যি বড় অদ্ভুত এবং অলৌকিক।
প্রজাপতি কর্দম ঋষির কন্যা খ্যাতির পুত্র মৃকন্ডু ছিলেন অপুত্রক। তপস্যায় তুষ্ট শিবের বরে তার স্বল্পায়ু এক পুত্র মার্কণ্ডেয় জন্মায়। যার আয়ু মাত্র ১৪ বছর।

পুত্রের ৯ বছর বয়সে মার্কন্ডু উপনয়ন দেন এবং পুলস্ত, বশিষ্ঠ, অঙ্গিরা আদি সপ্তর্ষিদের নিমন্ত্রণ করেন। উপনয়নের আশীর্বাদের নিয়মানুযায়ী তারা মার্কণ্ডেয়কে “” একশত বৎসর পর্যন্ত তুমি বাঁচো। আয়ুষ্মান, তেজস্বী আর বর্চষী হও।”” বলে আশীর্বাদ করেন। পরে পুত্রের স্বল্পায়ুর কথা জেনে, তারা তাকে শিবের তপস্যা করতে উপদেশ দেন।

মার্কণ্ডেয় ঋষিবাক্য শিরোধার্য করে শিবের তপস্যায় নিমগ্ন হন আর শিব তার কঠোর তপস্যায় তুষ্ট হয়ে তাকে সপ্তকল্পজীবী হও বলে আশীর্বাদ করেন। তিনি তাকে (মার্কণ্ডেয়) নর্মদা তীরে বসে, নর্মদার আর এক নাম “”রেবা” মন্ত্র জপ করতে বলেন। শিব আরো বলেন, প্রতি কল্পান্তে প্লাবনের মহাপ্রলয়ে পৃথিবী যখন বিনষ্ট হবে, মা নর্মদাই তোমাকে রক্ষা করবে। মহাদেবের নির্দেশে অমরকণ্টকের যেখানে বসে মার্কণ্ডেয় তপস্যা করেছিলেন,তারই নাম মার্কণ্ডেয় আশ্রম। প্রত্যেক তীর্থযাত্রীর / পরিক্রমণকারীর অবশ্য দর্শনীয় এই আশ্রম।
পাঠকের জ্ঞাতার্থে জানাই, সপ্তকল্পের নাম হল..মায়ুর, কৌম্য,পূর,কৌশিক, মাৎস্য,দ্বিরাদপ এবং বারাহ।
আর নর্মদার পূজা তথা জপের বীজমন্ত্র হল….রেবা, যা স্বয়ং মহাদেবের কন্ঠ নিঃসৃত।

শেষ হল আমাদের অমরকণ্টক ভ্রমণ। নর্মদার উৎস দেখে আমাদের যে যাত্রা শুরু হয়েছিল, আজ মার্কণ্ডেয় আশ্রম দর্শনে সেই বৃত্ত সম্পুর্ন হল।

শুভমস্তু।



Painting by
Atish Lahiri



গল্প হলেও সত্যি

সম্রাট সাহা

গল্পটা তো সবাই জানে ,
সত্যি মানে মনে প্রাণে।
এক যে আছে ডাইনি, দেশে,
"আইন কানুন সর্বনেশে"।
চোর ডাকাতে রাজ্য চালায়,
বুদ্ধি-বিবেক বধ্য হেলায়।
বিদ্যে বলদ বেচছে হাটে,
কয়লা,গরু মাঠে ঘাটে।
উদোরপিন্ডি বুধোর ঘাড়ে,
বজ্জাতি ওর হাড়ে হাড়ে।
খতম সব, দেখলে বেসুর,
সঙ্গে আছে ভাইপো অসুর।
পার্থ আছে, আর কেষ্টা, বালু !
কুনাল ? সেতো দারুন চালু।
"কারার ওই লৌহ কপাট",
সাক্ষী সাবুদ প্রমান লোপাট।
নির্যাতিতার চায় যে ফাঁসি ,
ধর্ষকদের অট্টহাসি।
পাপের ঘড়া ভরলো এবার,
সময় এলো দখল নেওয়ার।
ভয় পেয়োনা "অভয়া" তুমি,
জেগেছে আজ জন্মভূমি !
সত্যি হবে এই কাহিনী,
রক্ত দেবে সেই ডাইনি !!

আমাদের দুর্গাপূজা - একাল সেকাল, দেশের ও বিদেশের পুজোর স্মৃতিচারন

রীতা ব্যানার্জি

হিউস্টনের Lake Livingston থেকে আরও পূর্ব দিকে বেড়াতে গিয়েছিলাম দিন কয়েক আগে। আমেরিকার শহর ছেড়ে কিছুটা যেতেই দিগন্ত বিস্তৃত সবুজ বনানীর মধ্যে দিয়ে মসৃণ চওড়া পিচ ঢালা রাস্তায় ছুটে চলেছে আমাদের গাড়ি। ছেলে- বৌমার কলেজের বন্ধু সপরিবারে আসায় খুশিতে বেরিয়ে পড়েছি আমরা প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে। চওড়া রাস্তার দুধারে বৃষ্টিস্নাত বড় বড় গাছের ফাঁকে ফাঁকে খোলা ঘাস জমিতে হঠাৎ হঠাৎই চোখে পড়লো কাশবন আর তার সাদা ধবধবে কাশফুল। আরে! তবে তো বর্ষা শেষ হয়ে শরৎরানী এসে পড়েছে পশ্চিমবাংলার মতো এই হিউস্টনেও! বর্ষনে ইতি দিয়ে দিয়ে তাই মাঝে মাঝেই নির্মল নীল আকাশে পেঁজা তুলোর মতো সাদা সাদা মেঘের ছোট ছোট ভেলা ভেসে বেড়াচ্ছে। সনাতন ধর্ম অনুযায়ী এইতো সময় আমাদের দুর্গতিনাশিনী বিপদ বিনাশিনী মা দুর্গার পূজা আরাধনা করার! মনটা হঠাৎ খুব খুশি হয়ে উঠলো।

এখানে হিউস্টনে S.D.K.K.M এর পুজোতে আমরা সকলে কোন এক সপ্তাহ শেষে দুর্গাপূজার আয়োজন করি। অফিস শেষে উইকেন্ডে বৃহস্পতি, শুক্রবারে বোধন, ষষ্ঠী পূজা সারা হয়ে যায়। তারপর শনিবার আর রবিবারে সপ্তমী অষ্টমী নবমী ও দশমীর পুজো হয়। অত্যন্ত ভক্তি এবং নিয়ম মেনে পুরোহিত মশাই পূজা করেন। পূজার পর প্রত্যেকদিন পুষ্পাঞ্জলি, ভোগারতি, ভোগ নিবেদন এবং সন্ধ্যায় সন্ধ্যারতি হয়। এখানে অষ্টমীতে কুমারী পুজো তারপর সন্ধিপূজো ও হোম যজ্ঞ, নবমীতে নবমী পূজা এবং দশমীতে সিঁদুর খেলা সবই খুব ধুমধাম করে হয়। আমরা প্রবাসে থেকেও দেশের মতোই ভক্তি নিয়ে আনন্দ করে মায়ের পুজোয় সামিল হই। সন্ধ্যার পর শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। ছোটদের নাটক,নাচ, কবিতা পাঠ, অর্কেস্ট্রা, ফ্যাশন শোর সাথে বড়দেরও নাচ, গান, নৃত্যনাট্য, নাটক, ফ্যাশন শো হয়। একদম সকাল থেকে রাত পর্যন্ত ঠাসা কর্মসূচি। কোথা দিয়ে কেটে যায় যেন এই সুন্দর আনন্দময় দিনগুলি।

পুরানে আছে বসন্তকালে রাবণ রাজা মা দুর্গার অত্যন্ত ভক্তিভরে পূজা করতেন। তিনি ছিলেন শিব - দুর্গার একনিষ্ঠ ভক্ত। কিন্তু সীতাকে উদ্ধার করার জন্য রাবণের ভাই বিভীষণের পরামর্শে রাম বসন্তকালে দুর্গাপুজো না করে অকাল-বোধন করে শরৎকালে মা দুর্গার পূজা করেন এবং বিপদনাশিনী মা দুর্গার কৃপায় যুদ্ধ জয় করে সীতাকে রাবণের লঙ্কা থেকে উদ্ধার করেন। সেই থেকে আমরা মা দুর্গার পূজা শরৎকালেই করে থাকি। রাবণের করা পূজা আজও আমরা করি বসন্তকালে বাসন্তী পূজা নামে। S.D.K.K.M এর দুর্গাপূজার প্রতীকি বিসর্জনের পর তাকে সধবারা মিষ্টি খাইয়ে, সিঁদুর পরিয়ে, প্রদীপ জ্বালিয়ে, পান, ফুল, ধান-দূর্বা দিয়ে বরণ করে বলি,"" আবার আসছে বছর আমাদের কাছে কৃপা করে আসিস মা। ভক্তিভরে তোকে আমরা পুজো করবো, মেয়ের মতো ভালোবেসে ভোগ দেবো, যত্ন করব আর তুই আমাদের মায়ের মতো আশীর্বাদ দিস---- সকলে যেন সুস্থ দেহ, সুন্দর মনের হয়ে সকল বিপদ, দুঃখ জয় করতে পারি।"" তারপর ভারাক্রান্ত মনে উৎসব শেষ হলে বাড়ি ফিরে আসি আমরা সকলে।

আমার বাবা, ঠাকুরদার দেশ ছিল বাংলাদেশের চট্টগ্রামে। শুনেছি সেই বাড়িতে মা চন্ডীর মন্দির ছিল। প্রত্যেকদিন পুরোহিত এসে পুজো করে যেতেন। শরৎকালে চারদিন ধরে প্রচন্ড জাঁকজমক করে ছাগ বলি দিয়ে তিন গ্রাম লোককে ভোগ খাওয়ানো হতো। এখনো কলকাতার বেহালায় আমার পৈতৃক বাড়িতে দুর্গাপূজা হয়। আমাদের শাক্ত ধর্মের নিয়ম অনুযায়ী বলি দেওয়া হয় এখনো কিন্তু রক্তপাত করে নয়। আঁখ, চাল

কুমড়ো, শসা ইত্যাদি বলি দেওয়া হয়। তবে সেই বাংলাদেশের আদিবাড়ির নিয়মে কলকাতার বাড়িতেও মাকে আমিষ ভোগও দেওয়া হয়।

লোক গাথায় একটি সুন্দর গল্প আছে। মা দুর্গা দশমীর পর বাপের বাড়িতে চারদিন থেকে যখন কৈলাসে মহাদেবের কাছে ফিরে যান তখন শিব জিজ্ঞাসা করেন, “”এতদিন ধরে বাপের বাড়িতে খুব আদর যত্ন, খাওয়া দাওয়া করে ভিখারী আমাকে তো ভুলেই গেছো। “”
লজ্জা পেয়ে, মা হেসে নাকি উত্তর দিয়েছিলেন, “”সেকি প্রভু! আমার মা-বাবা খুব দরিদ্র, তারা আমাকে শুধুই পান্তা ভাত আর কচুর শাক খেতে দিয়েছে। “” অন্তর্যামী বিশ্বেশ্বর আড়াল থেকে সবই দেখেছেন, সবই জানেন, তবু শুধু হাসেন।

চারদিন ধরে হাজার রকম অন্ন- ব্যঞ্জন, মিষ্টান্ন সহ আমিষ -নিরামিষ সব ধরনের ভোগের ব্যবস্থা থাকলেও এই রীতি মেনে দেশের বাড়ির মতো কলকাতার বাড়িতেও দশমীতে অবশ্যই পান্তাভাত –কচুর শাক থাকে তবে সঙ্গে থাকে ইলিশ মাছ ভাজা। আসলে মা দুর্গাকে ঘরের সধবা মেয়েই মনে করা হয় কিনা তাই।

বছরের এই পাঁচ-ছয় দিন মা দুর্গার মৃন্ময়ী (মাটির) রূপকে পূজা করা হলেও সারা বছরই তিনি ভক্তজনের হৃদয়ে চিন্ময়ী রূপে আরাধিত হন, এই মন্ত্রে...

ওঁ সর্ব্বমঙ্গল মঙ্গল্যে। শিবে। সর্বার্থসাধিকে।
শরণ্যে! ত্র্যম্বকে! গৌরী! নারায়নি। নমোহস্তুতে।।
সৃষ্টিস্থিতিবিনাশানাং শক্তিভূতে সনাতনি।
গুণাশ্রয়ে। গুণময়ে। নারায়নি নমোহস্তুতে।।
শরণাগতদীনার্ত্ত পরিত্রাণপরায়ণে।
সর্ব্বাস্যার্ত্তিহরে। দেবি নারায়ণি ! নমোহস্তুতে।
জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালী কপালিনী।
দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোহস্তুতে।।



Painting by
Roshni Kundu



শেষের কবিতা

সম্রাট সাহা

যে কবিতার ভাব অন্তর্নিহিত,
পারেনা করতে কাউকে উদ্দীপ্ত।
নিগূঢ় হলেও তা অন্তঃসার শুন্য ,
করতে অক্ষম তা হৃদয় পূর্ণ ।
ব্যর্থ সে কবিতা, ব্যর্থ সে কবি ,
দিলেম রূপ যারে কায়ামন সপি।
কবিতা যে পরাজিত তাকে জাগাতে,
জেগে ঘুমায় যে কে বা পারে ঘুম ভাঙাতে।
কবিতা কর ক্ষমা , প্রণাম শতকোটি,
মুক্ত তুমি আজ, দিলেম তোমায় ছুটি।

জাগরণের কুঞ্জবনে

ভারতী ধর (অর্ঘ্য ধরের মা)

জাগরণের কুঞ্জবনে বেদনার হাহাকার,
ছন্দের মৌন অভিসারে আতিথ্য বর্বর,
অপমানিতার বিতানে কঙ্কালের পরিচয়,
দুঃশাসনের দৌরাত্ম্যে আজ নারীত্বের সংশয়।
স্বপ্নের ভেলায় শুধুই রক্তসন্ধ্যার উত্তরণ,
অব্যক্তের অখ্যাত আবাসে লজ্জার আলোড়ন,
রহস্যভ্রষ্ট অসাড় উৎকন্ঠার গভীর অন্ধকারে-
অশ্রুধৌত অন্তশীলা তৃপ্তিহীন আত্মবিস্মৃতি।
ঘৃণায় আতুর লজ্জার মৌনী প্রতীক্ষা,
আর নয় গৃহের প্রান্তে মহানিস্তব্ধের আকূতি,
নীরব নিশীথে দীর্ণ করি বন্যাবেগে করো পরিত্রাণ,
তেজস্বী তাপসী বেশে বজ্রমন্ত্রে ধরো দীপ্তির কৃপাণ।
ক্ষণকালের ভীরু শিখা হোক প্রজ্বলিত আলোক,
স্তব্ধ নীল যবনিকা হোক তেজস্বিনীর বিজয়ধ্বজা,
পত পত করে উড়ুক নারীত্বের বিজয় আখ্যানলিপি,
ক্ষণিক বিদ্যুৎ নয় মধ্যাহ্ন-সূর্য হোক নারীর নাড়ীত্ব।




Painting by
Atish Lahiri



SDKKM Pujo Members

- Dr. Arun & Mrs. Nalini Mukhopadhyay
- Mr. Abhishek & Mrs. Sweta Ghosh
- Mr. Abhijit & Mrs. Arghya Choudhury
- Mr. Amarnath & Mrs. Manjari Banerjee
- Mr. Amit & Mrs. Archana Banerjee
- Mr. Aniruddha Dutta & Mrs. Anindita Sen
- Mr. Anol & Mrs. Chaitali Mukhopadhyay
- Mr. Arghya & Sharmistha Chakraborty
- Mr. Arpo & Sukanya De
- Mr. Ashif & Mrs. Riniki Hossain
- Mr. Ashok & Mrs. Ruma Chatterjee
- Mr. Atis & Mrs. Rajashree Lahiri
- Dr. Bishnupada & Mrs. Aparna Goswami
- Mr. Biswanath & Mrs. Suchitra Jana
- Mr. Debashish Bandopadhyay
- Mr. Debjyoti & Mrs. Dolan Banerjee
- Ms. Deepa Pradhan
- Mr. Gautam & Mrs. Chhobi Ghosh
- Mr. Ipsito & Mrs. Champakali Banerjee
- Mr. Jagat & Mrs. Sujata Sinha
- Mr. Jamal Saha & Mrs. Pampa Biswas
- Mr. Janak & Mrs. Tara Tiwary
- Mr. Jayanta & Mrs. Tanushree Debnath
- Mr. Kamalesh & Mrs. Chhanda Chatterjee
- Mr. Kingshuk & Mrs. Soumee Chaudhury
- Mrs. Krishna & Late Mr. Sunil Chaudhuri
- Mrs. Minati Banerjee
- Mr. Partha & Mahua Roy
- Mr. Partha & Mrs. Pranja Mahanty
- Mr. Partha & Mrs. Srabanti Mukherjee
- Mr. Pradipta & Mrs. Lisa Sarkar
- Mr. Pradipto & Mrs. Tiyona Moitra
- Mr. Pralay Das & Mrs. Chandra Das
- Mr. Prasenjit Biswas & Mrs. Jaya Ghatak
- Mr. Rajib & Mrs. Tania Ghosal
- Mr. Reevu & Mrs. Teesta Mukherjee
- Mr. Ripon & Mrs. Poornima Das
- Ms. Roshni Kundu
- Dr. Shyamal & Dr. Susmita Poddar
- Dr. Syamal K. Poddar & Dr. Susmita Poddar
- Mr. Salil & Mrs. Maya Banerjee
- Mr. Samarjeet De
- Mr. Samrat & Mrs. Pamela Saha
- Mr. Sanjib & Mrs. Smita Samanta
- Mr. Santosh & Mrs. Gita Mandal
- Mr. Shivaji & Mrs. Chatterjee
- Mr. Soumen & Mrs. Subhashree Majumdar
- Mr. Sourja & Mrs. Chandrima Purakayasta
- Mr. Subhas Sreeram & Mrs. Sonali Majumdar
- Mr. Subhojeet & Mrs. Monica Chakrabarty
- Mr. Sudipta & Mrs. Tanya Bera
- Mr. Surojit & Mrs. Anushree Mukherjee
- Mr. Swapan & Mrs. Illa Das
- Mrs. Sandhya Singh
- Mr. Uday & Mrs. Meenakshi Mukhopadhyay
- Mr. Utsav Ganguly
- Mr. Vince & Mrs. Nandita D'Souza





SDKKM Pujo Patron

- Mr. Ashok & Mrs. Lopamudra Gupta
- Mr. Ashok & Mrs. Bidisha Santra
- Mr. Somsubhra Chakrabort
- Mrs. Sravana Borkataky - Varma
- Mr. Prajnan Das

2024 Puja Contacts

SDKKM.Pujo.Houston@gmail.com

https://sdkkm.org/

www.facebook.com/sdkkm.houston

ASHOK SANTRA
President
214-435-9221

KINGSHUK CHOUDHURY
Vice President - Operations
713-294-9564

SOM CHAKRABORTI
Vice President - Policy, Fundraising, Financial Planning and General Secretary
832-510-6521

TANYA BERA
Cultural Secretary President
404-528-4853